গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১১ সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ
১। গত আগস্ট'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় আগস্ট'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর হাসপাতালের এ্যাম্বুলেন্সটি জনস্বার্থে মেরামত করা খুবই প্রয়োজন। উক্ত এ্যাম্বুলেন্সটি মেরামতের জন্য ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা প্রয়োজন। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে এ্যাম্বুলেন্সটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। টাইফয়েড কঞ্জুগেটেড ভ্যাকসিন রেজিস্ট্রেশনের জন্য প্রচারণা করা প্রয়োজন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্সটি মেরামত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | কমিউনিটি ক্লিনিকে মানসম্মত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি রোপা আমন মৌসুমে অত্র উপজেলাধীন ২৬৪৫ হেক্টর জমিতে আমন রোপন হয়েছে। এ মাসে ১৫০ জন কৃষককে মাসকলাই এর বীজ ও সার বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনাবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, গবাদি পশুর চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান এ মাসে ১৪০০০ PPR Vaccine কার্যক্রম চলমান। অত্র উপজেলাধীন ০২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন দুগ্ধ সরবরাহ করা হয়। ৯০৭টি গরু, ৪৯৪০টি মুরগী, ০২টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ভ্যাকসিন প্রদান-গবাদি পশু ১৩২টি, ১৩২০০টি মুরগী। ১০০টি গরুতে কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া ৩টি উঠান বৈঠক করা হয়েছে। | গবাদি পশুর খামার নিয়মিত পরিদর্শন ও মানসম্মত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। ০৩টি ব্রীজের কাজ ও ০২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। ০৩(তিন) কিঃমিঃ এইচবিবি রাস্তা নির্মাণের প্রস্তাব পাঠানো হয়েছে। দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিক্ষুক পুনর্বাসনের ০৫ (পাঁচ) জন ভিক্ষুককে প্রত্যেককে ০৪(চার) টি করে ছাগল এবং খাদ্য বাবদ টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ভিক্ষুকদের আগামী ১৫/০৯/২০২৫ তারিখ ছাগল ক্রয় করে দেয়া হবে। অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী ইতিপূর্বে যারা ভাতা পেয়েছেন এখনও জীবিত আছেন তাদের ভাতা বন্ধ করে যাদের নামে ভাতা প্রদান করা হয়েছে তাদের ভাতা আপাতত স্থগিত করে পরবর্তী ভাতা বাস্তবায়ন কর্মসুচির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রাথমিক বিদ্যালয়ের গুনি শিক্ষকের ছক পূরণকরে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে পাঠানো হয়েছে। টাইফয়েড কঞ্জুগেট ভ্যাকসিন কর্মশালায় প্রধান শিক্ষকগণ অংশগ্রহণ করেছেন। গত ২৭/০৮/২০২৫ তারিখ সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৫ সংক্রান্ত কর্মশালায় ডিজি অফিস ঢাকায় অংশগ্রহণ করা হয়েছে। হোয়াটস এ্যাপে গ্রুপে ভিডিও কলের মাধ্যমে নিয়মিত শিক্ষক বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করণ অব্যাহত রয়েছে। | শিক্ষকদের নিয়মিত ক্লাসে উপস্থিতি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলার ৩টি ইউনিয়নে ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের কার্ড সুষ্ঠুভাবে উপকারভোগীদের মাঝে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের কার্ড সুষ্ঠুভাবে উপকারভোগীদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, গত সভায় সিদ্ধান্তকৃত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্ন বর্নিত প্রকল্প ০২টি প্রাক্কলন অনুযায়ী সংশোধন প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন অনুযায়ী নিম্ন বর্ণিতভাবে প্রকল্প দুটি সংশোধন করা যেতে পারে।<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে গার্ডরুম মেরামত ও সংস্কারকরণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>০২। উপজেলা পরিষদের গাড়ি রাখার গ্যারেজ মেরামত ও সংস্কারকরণ-২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৭/০৮/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮. ০১৬২.২৫-২৩৪ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের বাসা বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত পত্র পাওয়া গেছে। উক্ত কমিটি গঠনকল্পে উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন অফিসার অন্তর্ভূক্তি করার নির্দেশনা রয়েছে। উক্ত বাসা বরাদ্দ কমিটিতে উপজেলা পরিষদের একজন অফিসার অন্তর্ভূক্তি করার অনুরোধ জানান।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য বর্নিত সংশোধিত প্রকল্প ০২টি বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৭/০৮/২০২৫ তারিখের ২৩৪ স্মারকপত্র মোতাবেক উপজেলা পরিষদের বাসা বরাদ্দ কমিটি নিম্নোক্তভাবে গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। উপজেলা নির্বাহী অফিসার-আহবায়ক<br>২। উপজেলা কৃষি অফিসার-সদস্য<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি-সদস্য সচিব | ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ চর রাজিবপুর<br>২। উপজেলা প্রকৌশলী চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া মানব সম্পদ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ২৩ জন দরিদ্র পরিবাবের মাঝে ২পিট ল্যাট্রিন নির্মাণে কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলায় উদকনিক ও পদাবিক প্রকল্পে গত আগস্ট/২৫ মাসে ১১ জন সদস্যের মাঝে ৭.৬০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। উল্লেখিত সময়ে বিভিন্ন প্রকল্পের বিপরীতে ৪.৭০ লক্ষ টাকা আদায় করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান এইচএসসি, এইচএসসি(বিএমটি) ও আলিম পরীক্ষা'২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। উপপরিচালক, রংপুর অঞ্চল, রংপুর হতে রাজিবপুর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারঃ) এবং সহাকারী লাইব্রেরীয়ান-কে কারণ দর্শানো হয়েছে। উপরন্তু রংপুর অফিসে গিয়ে কারণ দর্শানোর জবাব প্রদান করতে নির্দেশ করা হয়েছে। আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ হতে ২০২৩ সালের ডিগ্রি ৩য় বর্ষ পরীক্ষা শুরু হবে। আগামী ২২ ও ২৩ সেপ্টেম্বর ২০২৫ ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলার দিন নির্ধারণ। | শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান নিয়মিতকরণ ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। ২০২৫-২৬ অর্থ বছরে সোলার প্যানেল স্থাপন বাবদ ব্যয় =৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা।<br>০২। ২০২৫-২৬ অর্থ বছরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন বাবদ ব্যয় =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা।<br>০৩। ২০২৫-২৬ অর্থ বছরে আসবাবপত্র ক্রয়/সরবরাহ বাবদ ব্যয় =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা।<br>০৪। ২০২৫-২৬ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ক্রয়/সরবরাহ বাবদ ব্যয় =২,৭০,১০০/- (দুইলক্ষ সত্তর হাজার একশত) টাকা।<br>০৫। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৬। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৭। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৮। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৯। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>১০। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>১১। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>১২। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩১৮/- (একহাজার তিনশত আঠার) টাকা।<br>১৩। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের বর্জ্য ব্যবস্থাপনা ব্যয় বিল =৮,৪০০/- (আট হাজার চারশত) টাকা।<br>১৪। সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও ডকুমেন্ট প্রস্তুত বাবদ ব্যয় বিল = ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>১৫। ২০২৫-২৬ অর্থ বছরে আসবাবপত্র মেরামত ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১৬। ২০২৫-২৬ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি মেরামত ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১৭। ২০২৫-২৬ অর্থ বছরে ফরমালিন কীট ক্রয়/সরবরাহ বাবদ ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১৮। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় উপস্থিত না থাকায় রাজিবপুর ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের রাস্তা মেরামত করা প্রয়োজন। কিছু রাস্তায় কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ৬নং ওয়ার্ডে বদির বাড়ীর পার্শ্বে ব্রীজের দুই পার্শ্বে গাইডওয়াল নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ৮নং ওয়ার্ডে আশ্রয় কেন্দ্রের পশ্চিম পার্শ্বে টানা ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি থেকে রাজিবপুর আসার পথে খাজার ঘাটের কাঠের ব্রীজটি ঝুকিপুর্ণ হয়েছে। ব্রীজ জরুরী মেরামত করা প্রয়োজন। কোদালকাটি ৬নং ওয়ার্ডে পাখিউড়া বাজার এর সরকারী জায়গায় মাটি ভরাট এবং হাট সেড নির্মাণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় উপস্থিত না থাকায় মোহনগঞ্জ ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খাদ্য বান্ধব কর্মসুচির ২য় প্রান্তিক এর সেপ্টেম্বর মাসের চাল বিতরণ শীঘ্রই শুরু হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসে জনবল কম। প্রতিমাসে অনলাইনে ই-মনিটরিং এর মাধ্যমে পাঁচটি বিদ্যালয় পরীবিক্ষণ করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খসড়া ভোটার কেন্দ্রের তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। ভোট কেন্দ্রের পরিদর্শন অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান AVMIS সফটওয়্যার এ নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে। দুর্গাপুজা/২০২৫ উপলক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্য বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় আনসার ও ভিডিপি ভবন নির্মাণ করার জন্য ১০ শতাংশ জমি নির্বাচন করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আউশ ফসলের আনুমানিক হিসাব সংগ্রহের কার্যক্রম চলমান। পাট ফসলের আনুমানিক হিসাব জরিপ চলমান। আমন ফসলের পূর্বাভাস জরিপ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পল্লী দারিদ্র বিমোচন অফিসের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় রাজিবপুর উপজেলার বিদ্যুৎ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৯/২৫
(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৭৫৭

তারিখ ঃ ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ............................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

২১/০৯/২৫
(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd